# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 25.08.2024** **Time: 7.35 AM**

বিশেষ বিশেষ খবর –

১) আর জি কর মেডিকেল কলেজ ও হাসপাতালে দুর্নীতি মামলায় এফ.আই.আর দায়ের করে সিবিআই তদন্ত শুরু করেছে।

আজ পলিগ্রাফ পরীক্ষা হতে পারে ধৃত সঞ্জয় রায়ের।

২) আর জি কর কান্ডের প্রতিবাদে আন্দোলনরত জুনিয়ার চিকিৎসকরা কর্মবিরতি অব্যাহত রাখার সিদ্ধান্ত নিয়েছেন। রাজ্য সরকারের সঙ্গে চিকিৎসক সংগঠনগুলির বৈঠকে ইতিবাচক ফলাফল মেলেনি।

৩) আর জি কর সংলগ্ন এলাকায় বে-আইনী জমায়েতের নিষেধাজ্ঞার মেয়াদ আরও ৭ দিন বাড়িয়েছে কলকাতা পুলিশ।

৪) কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের জন্য কেন্দ্র অভিন্ন পেনশন প্রকল্পের ঘোষণা করেছেন।

৫) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আকাশবাণীতে মন-কি-বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।

৬) ঘূর্ণাবর্তজনিত নিম্নচাপ এবং সক্রিয় মৌসুমী অক্ষরেখার প্রভাবে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আজও ভারী বর্ষণের পূর্বাভাষ রয়েছে।

oooooooooooooooooooooooo

RG KAR দুর্নীতি মামলায়  সি বি আই, এফ আই আর দায়ের করে তদন্ত শুরু করেছে। কলকাতা হাইকোর্টের নির্দেশ মতো আজ সকালে ওই মামলার যাবতীয় নথিপত্র সিবিআই-এর হাতে তুলে দেয় রাজ্য সরকার গঠিত বিশেষ তদন্তকারী দল এস আই টি।

আর জি কর কলেজ ও হাসপাতালে একাধিক বে-নিয়মের অভিযোগ তুলে ছিলেন হাসপাতালের প্রাক্তন ডেপুটি সুপার আখতার আলি। তিনি ইডি ও সিবিআই তদন্ত চেয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন।

oooooooooooooooooooooooooo

টানা ৯ দিন ১-শো ঘণ্টারও বেশি সময় ধরে জিজ্ঞাসাবাদের পর সিবিআই-এর একটি দল আজ সকালে আর জি কর মেডিকেল কলেজের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ-এর বাড়িতে উপস্থিত হয়েছেন। গতরাতেই টানা ১২ ঘণ্টা জিজ্ঞাসাবাদের পর সন্দীপ সি বি আই দফতর থেকে বেরিয়ে আসেন।

এদিকে, আর জি করে ধর্ষণ ও খুনের ঘটনায় ধৃত সঞ্জয় রায়ের আজ পলিগ্রাফ টেস্ট হতে পারে। সঞ্জয় ঘনিষ্ঠ এ এস আই অনুপ দত্তকেও গতকাল কয়েক ঘণ্টা জেরা করা হয়।

oooooooooooooooooooooooooo

আর জি কর কান্ডের প্রতিবাদে জুনিয়ার ডাক্তারদের কর্ম বিরতি অব্যাহত থাকছে। গতকাল রাজ্যের স্বাস্থ্য-শিক্ষা অধিকর্তা কৌস্তব নায়েক, নতুন অধ্যক্ষ মানস কুমার বন্দ্যোপাধ্যায় এবং জুনিয়ার চিকিৎসক প্রতিনিধিরা অচলাবস্থা কাটাতে বৈঠকে বসেন। এরপর সন্ধে থেকে রাত পর্যন্ত আন্দোলনরত ডাক্তারদের জিবি বৈঠকে কর্ম বিরতি অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়েছে। আজ দুপুরে তাদের তরফে রাজ্য সরকারকে কিছু প্রস্তাব দেওয়া হতে পারে বলে জুনিয়ার চিকিৎসকরা জানিয়েছেন।

এদিকে, সরকারী মেডিকেল কলেজগুলিতে অচলাবস্থা কাটাতে রাজ্য সরকারের সঙ্গে ডাক্তারদের সংগঠনগুলির বৈঠক ফলপ্রসূ হয়নি বলে যৌথ মঞ্চ জয়েন্ট প্ল্যাটফর্ম

অফ ডক্টর্স ওয়েস্টবেঙ্গল জানিয়েছে। রাজ্যের স্বাস্থ্য সচিব নারায়ণস্বরূপ নিগমের সঙ্গে গতকালের বৈঠকে ইতিবাচক কোন প্রতিশ্রুতি মেলেনি বলে যৌথ মঞ্চের আহ্বায়ক ডক্টর পুণ্যব্রত গুণ জানিয়েছেন। বৈঠক সম্পর্কে রাজ্যের স্বাস্থ্য অধিকর্তা দেবাশিষ হালদার সাংবাদিকদের জানান –

(বাইট)

বৈঠকে উপস্থিত ছিলেন আই এম এ-র পশ্চিমবঙ্গ শাখার প্রতিনিধিরাও। বৈঠকে উপস্থিত ডাক্তার কুনাল সরকার জানালেন, বেশকিছু প্রস্তাব দেওয়া হয়েছে।

ooooooooooooooooooooooooo

মেডিক্যাল কলেজ ও হাসপাতাল সংলগ্ন এলাকায় বে-আইনী জমায়েতে নিষেধাজ্ঞা আরও সাতদিন বাড়িয়েছে কলকাতা পুলিশ । এসংক্রান্ত এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে, শ্যামবাজার পাঁচ মাথার মোড়ে মিটিং মিছিল জমায়েতে নিষেধাজ্ঞার মেয়াদ আরো বাড়ানো হচ্ছে।২৫ তারিখ থেকে আগামী সাতদিন অর্থাৎ ৩১ অগস্ট পর্যন্ত শ্যামবাজার পাঁচমাথার মোড়ে মিটিং করা যাবে না। ওই এলাকায় ৫ বা তার বেশি লোকের জমায়েত হলেই নিয়ম ভাঙা হবে। সেক্ষেত্রে পুলিশ যথাযথ ব্যবস্থা নেবে বলেই জানিয়ে দিয়েছে। এটাও জানান হয়েছে, কাউকে যদি লাঠি বা অন্য কোনও বিপজ্জনক জিনিস হাতে ঘোরাফেরা করতে দেখা যায় তবে কড়া পদক্ষেপ নেওয়া হবে। ভারতীয় ন্যায় সংহিতার ২২৩ ধারায় মামলা করা হবে।

ooooooooooooooooooooooooo

আর জি কর কান্ডের প্রতিবাদ ও ন্যায় বিচারের দাবিতে কলকাতা সহ রাজ্যের বিভিন্ন প্রান্তে আজও প্রতিবাদ বিক্ষোভে সামিল হচ্ছেন বিভিন্ন রাজনৈতিক দলের কর্মী-সমর্থক ও সাধারণ মানুষ। পিজিটি চিকিৎসককে ধর্ষণ ও খুনের প্রতিবাদে এবং হাসপাতালে ভাঙচুরের ঘটনায় দলের সদস্যদের মিথ্যে মামলায় জড়িয়ে দেওয়ার অভিযোগে SFI, DYFI সহ বাম ছাত্র যুব সংগঠনগুলি গতকাল লালবাজার অভিযানের ডাক দেয়। বৃষ্টি মাথায় নিয়ে কলেজ স্কোয়ার থেকে লালবাজারের পথে এগিয়ে চলে বামেদের প্রতিবাদ মিছিল। বি বি গাঙ্গুলি স্ট্রিটে পুলিশ ব্যারিকেড করে তাঁদের আটকে দেয়। এরপর DYFI-এর রাজ্য সম্পাদক মীনাক্ষী মুখোপাধ্যায় সহ ৭ জনের প্রতিনিধি দলকে লালবাজারে নিয়ে যায় পুলিশ। সঙ্গে যান বেশ কয়েকজন আইনজীবী। মীনাক্ষী বলেন, রাজ্যের পুলিশ অকর্মন্য হয়ে পড়েছে।

(বাইট)

মিছিলে যোগ দেন সর্বভারতীয় গনতান্ত্রিক মহিলা সংগঠন-AIDWA এবং আইনজীবীদের সংগঠন- এআইএলইউ।

পশ্চিমবঙ্গ প্রদেশ মহিলা কংগ্রেস আজ ধর্মতলায় দু-দিন ব্যাপী অবস্থান বিক্ষোভ কর্মসূচী শুরু করেছে। বেলা ১১-টা থেকে রাত আটটা পর্যন্ত এই কর্মসূচী চলবে বলে জানা গেছে।

টলিউডের আটটি ফোরামের ডাকে আজ প্রতিবাদ কর্মসূচীতে অংশ নেন অভিনেতা, অভিনেত্রী কলাকুশলীরা।

পশ্চিমবঙ্গ শিক্ষক সমাজের উদ্যোগে আজ প্রাথমিক থেকে বিশ্ববিদ্যালয় স্তর পর্যন্ত শিক্ষক-শিক্ষিকারা কলকাতায় মিছিল করেন। কলেজ স্কোয়ার থেকে মিছিল শুরু হয়ে যায় রাজাবাজার সায়েন্স কলেজ পর্যন্ত।

তরুনী চিকিৎসককে নির্মমভাবে খুন এবং বর্ধমানের নান্দুরে আদিবাসী তরুনীর খুনের প্রতিবাদ এবং দোষীদের শাস্তির দাবিতে আজ পথে নামেন বর্ধমান বিশ্ববিদ্যালয়ের প্রাক্তনীরা। বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষক শিক্ষিকা, গবেষক ছাত্র ছাত্রী এবং শিক্ষাকর্মীরা মিছিলে পা মেলান।

রাজ্য সরকারের নির্দেশিকা সত্ত্বেও বনগাঁ-র মহিষাঙ্গণে মিছিল করেন, রামচন্দ্রপুর হাইস্কুলের ছাত্রছাত্রীরা। এছাড়াও বনগাঁ-র ঠাকুর হরিদাশ, রাখাল দাশ স্কুলের প্রাক্তন ও বর্তমান পড়ুয়ারা মিছিলে পা মেলান। ত্রিকোণ পার্কে তাদের অবস্থান বিক্ষোভের জেরে বেশকিছুক্ষণ অবরুদ্ধ হয়ে পড়ে এলাকাটি।

দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে নদীয়ার বাগ আচরা হাইস্কুলের পড়ুয়ারা ছুটির পর মিছিল করেন। ফুলিয়া শিক্ষা নিকেতন, ফুলিয়া বিদ্যামন্দির ও ফুলিয়া বালিকা বিদ্যালয়ের শিক্ষকরা আজ মৌন মিছিল করে প্রতিবাদ জানান।

হাওড়ার বলুহাট হাইস্কুল, বলুহাটি হাইস্কুল, বলুহাটি গার্লস হাইস্কুল ও ব্যাঁটরা রাজলক্ষী বালিকা বিদ্যালয়কে মিছিলের পরে কারণ দর্শানোর নোটিশ দিয়েছে শিক্ষা দফতর।

আর জি করের ঘটনায় বিচারের দাবিতে হাওড়ার তারাসুন্দরী বালিকা বিদ্যাভবন, হাওড়া জেলা স্কুল, যোগেশ চন্দ্র গার্লস হাইস্কুলের প্রাক্তনীরা আজ বিকেলে মিছিলের আহ্বান জানিয়েছেন।

oooooooooooooooooooooo

২৭-শে আগস্ট ছাত্র সমাজের নবান্ন অভিযানের কথা মাথায় রেখে কঠোর নিরাপত্তার ব্যবস্থা করা হচ্ছে। মোতায়েন করা হয়েছে বিরাট পুলিশ বাহিনী। জেলা থেকে উচ্চ পদস্থ পুলিশ আধিকারিকদের নিয়ে আসা হচ্ছে। নিরাপত্তা ব্যবস্থা নিয়ে গতকাল উচ্চ পর্যায়ের বৈঠকে বসেন, পুলিশের মহানির্দেশক রাজীব কুমার, এডিজি আইনশৃঙ্খলা মনোজ বর্মা সহ শীর্ষ আধিকারিকরা। পরিস্থিতি নিয়ন্ত্রণে ২১ জন আইজি, ডিআইজি পদমর্যাদার অফিসার থাকবেন বলে খবর।

এছাড়াও, ডিসি, এডিসিপি, এসিপি সহ একাধিক পদমর্যাদার আধিকারিকরাও থাকবেন। সোমবারের মধ্যে সব পুলিশবাহিনীকে নবান্ন সংলগ্ন বিভিন্ন জায়গায় পৌঁছে যাওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

মন্দিরতলা, চাটার্জি হাট, শিবপুর, কাজিপাড়া, ক্যারিরোড, শালিমার, বি গার্ডেন এলাকায় আইনশৃঙ্খলা ঠিক রাখতে সব রকম পদক্ষেপ নেওয়া হবে। কোনা এক্সপ্রেসওয়ে ও ফোরশোর রোডে যান চলাচল স্বাভাবিক রাখতে পর্যাপ্ত ব্যবস্থা নেওয়া হচ্ছে।

এদিকে, রাজ্য সরকার ২৭ তারিখের নবান্ন অভিযান রুখতে বিভ্রান্তিকর খবর ছড়াচ্ছে বলে বিজেপি অভিযোগ করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী গতকাল এক্স হ্যান্ডেলে জানিয়েছেন, ছাত্রছাত্রী ও নাগরিক সমাজের অরাজনৈতিক নবান্ন অভিযানের কর্মসূচিতে মুখ্যমন্ত্রী ভয় পেয়েছেন। তাই প্রত্যেক জেলার থানার সিভিকদের দিয়ে ভুয়ো ফেসবুক প্রোফাইল খুলিয়ে ২৭শে আগষ্টের নবান্ন ঘেরাও নিয়ে বিভ্রান্তিকর খবর ছড়ানো হচ্ছে বলে তাঁর দাবি।

নবান্ন অভিযানকে সমর্থন জানিয়েছেন কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী। প্রয়োজন হলে দল এতে যোগ দেবে বলেও তিনি জানান।

আর জি কর-এর ঘটনায় বিরোধীরা রাজনৈতিক ফায়দা তোলার চেষ্টা করছে বলে রাজ্যের মন্ত্রী ফিরহাদ হাকিম মন্তব্য করেছেন।

(বাইট – ফিরহাদ)

ooooooooooooooooooooooo

বর্ধমানের নান্দুরে আদিবাসী তরুণী প্রিয়াঙ্কা হাঁসদা খুনে মূল অভিযুক্ত অজয় টুডুর ১০ দিনের পুলিশ হেফাজত হয়েছে। গত সন্ধ্যায় পূর্ব মেদিনীপুরের পাঁশকুড়া থেকে পুলিশের বিশেষ তদন্তকারী দল তাকে গ্রেফতার করে। সম্পর্কের টানাপোড়েনের জেরেই পশ্চিম মেদিনীপুরের ডেবরার বাসিন্দা অজয়, প্রিয়াঙ্কাকে খুন করে বলে জানা গেছে। তাকে বর্ধমান আদালতে তোলা হলে তার পুলিশ হেফাজত মঞ্জুর করেন বিচারক।

ooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আজ আকাশবানীতে 'মন কি বাত'-এ তাঁর চিন্তা ভাবনা সকলের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানটির ১১৩-তম পর্ব। শোনা যাবে বেলা ১১'টা থেকে আকাশবাণীর সবক'টি প্রচার তরঙ্গে ।

আকাশবাণী সংবাদের website ও newsonair mobile app-এও সরাসরি সম্প্রচারিত হবে মন কি বাত। আকাশবাণী ও দূরদর্শন সংবাদ, প্রধানমন্ত্রীর দপ্তর এবং তথ্য সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও এটির live স্ট্রিমিং হবে। হিন্দিতে সম্প্রচারের অব্যবহিত পরেই শোনা যাবে বাঙলা সহ বিভিন্ন আঞ্চলিক ভাষায় এর অনুবাদ। রাত আটটায় এর তর্জমা পুনঃপ্রচারিত হবে।

ooooooooooooooooooooooo

কেন্দ্রীয় মন্ত্রিসভা সরকারি কর্মচারীদের জন্য একটি অভিন্ন পেনশন প্রকল্প অনুমোদন করেছে। এই প্রকল্পে নিশ্চিত পেনশনের সংস্থান রয়েছে। গতকাল সন্ধ্যায় নতুন দিল্লিতে মন্ত্রিসভার বৈঠকের পর সাংবাদিকদের মুখোমুখি হয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেন, এই প্রকল্পের প্রথম স্তম্ভটি ন্যূনতম ২৫ বছরের চাকরির

ক্ষেত্রে অবসর গ্রহণের আগে শেষ বারো মাসে গড় মূল বেতনের ৫০ শতাংশ নিশ্চিত করে।

বাইট

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ঘূর্ণাবর্তজনিত নিম্নচাপ এবং সক্রিয় মৌসুমী অক্ষরেখার প্রভাবে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আজও ভারী বর্ষণের পূর্বাভাষ রয়েছে। আগামীকাল পর্যন্ত কলকাতা সহ দক্ষিণের সবকটি জেলাতেই পরিস্থিতি একইরকম থাকবে। আজ ভারী বর্ষণের পূর্বাভাষ রয়েছে বাঁকুড়া, হুগলী, মুর্শিদাবাদ, নদীয়া, বীরভূম ও দুই বর্ধমান জেলায়।

উত্তরবঙ্গের দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়িতে দু-এক জায়গায় ভারী বর্ষণের সম্ভাবনা। সমুদ্র উত্তাল থাকার সম্ভাবনার প্রেক্ষিতে মৎস্যজীবীদের আগামীকাল পর্যন্ত সমুদ্রে না যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ঘূর্ণাবর্ত ও নিম্নচাপের প্রভাবে দক্ষিণ ২৪ পরগনা জেলাজুড়ে ভারী বর্ষণ অব্যাহত। বৃষ্টির পাশাপাশি নদী ও সমুদ্রের জলস্তর বৃদ্ধি পাওয়ায় সুন্দরবনের অধিকাংশ মাটির বাঁধ বেহাল হয়ে পড়েছে। নামখানা ব্লকের একাধিক বাঁধে বড়সড় ধস নেমেছে। গত বছর ৬ কোটি টাকা ব্যায়ে নির্মিত নামখানা পঞ্চায়েতের নারায়ণগঞ্জে ১২-শো মিটার মাটির বাঁধটি তলিয়ে গেছে মুড়িগঙ্গা নদীতে। যেকোন মুহূর্তে বাঁধটি পুরোপুরি ভেঙে যাওয়ার আশঙ্কা করছেন এলাকার বাসিন্দারা।

অন্যদিকে, মৌসুনী দ্বীপের বালিয়াড়া ও সল্টঘেরী এলাকায় বাঁধ উপচে ঢুকছে চিনাই ও বঙ্গোপোসাগরের মোহনার জল। দক্ষিণ ২৪ পরগনার জেলা পরিষদের সহ সভাধিপতি শ্রীমন্ত মালি জানিয়েছেন, প্রাকৃতিক কারণেই ভাঙন রোধ করা যাচ্ছে না।

এদিকে, মুর্শিদাবাদের সামশেরগঞ্জে নদীর জলস্তর বাড়তে শুরু করায় গঙ্গাভাঙন শুরু হয়েছে। শিবপুর, প্রতাপগঞ্জ, লোহারপুর, ধানগড়া এলাকার বাসিন্দারা ফের

ভাঙনের সম্মুখীন হয়েছেন। অনেক এলাকায় কৃষিজমি জলের তলায় চলে গেছে। অবিলম্বে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন স্থানীয়রা।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo